

## অধ্যক্ষের কার্যালয়

মৌলভীবাজার সরকারি কলেজ, মৌলভীবাজার।

ফোন : ০৮৬১-৫২২২০, অফিস : ০২৪১১১০২০৬

Website : <http://www.mbgc.gov.bd> / e-mail : [mbgovtcollege@yahoo.com](mailto:mbgovtcollege@yahoo.com)<https://www.facebook.com/moulvibazargovtcollegeofficial>

তারিখ : ২০.১০.২০২৪খ্রি.

## ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণিতে ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি বিজ্ঞপ্তি

এতদ্বারা মৌলভীবাজার সরকারি কলেজে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণি ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তির কার্যক্রম আগামী ২০/১০/২০২৪ খ্রিস্টাব্দ হতে ৩১/১০/২০২৪ খ্রিস্টাব্দ পর্যন্ত নিম্নে উল্লিখিত সময়সূচি অনুযায়ী চলবে :-

তারিখ	সময়	স্থান
২০/১০/২০২৪	সকাল ৯:০০ হতে বিকাল ৪:০০ ঘটিকা	বিএ-বিএসএস
২৪/১০/২০২৪	সকাল ৯:০০ হতে বেলা ১২:০০ ঘটিকা	তথ্যকেন্দ্র
২৭/১০/২০২৪	সকাল ৯:০০ হতে বিকাল ৪:০০ ঘটিকা	বিবিএস-বিএসসি একাডেমিক কাম এক্সামিনেশন হল এর ৪র্থ তলায় (ইংরেজী বিভাগ)
৩১/১০/২০২৪	সকাল ৯:০০ হতে বেলা ১২:০০ ঘটিকা	

ক) ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত প্রার্থীগণ নির্দিষ্ট ওয়েবসাইট ([www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions)) থেকে আগামী ২০/১০/২০২৪ হইতে ৩১/১০/২০২৪ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে মনোনীত ফরম ডাউনলোড করে ২ কপি আবেদনপত্র (একটি কলেজ কপি, একটি শিক্ষার্থী কপি) এবং মৌলভীবাজার সরকারি কলেজের ওয়েবসাইটে ([www.mbgc.gov.bd](http://www.mbgc.gov.bd)) প্রবেশ করে ডায়নামিক হোস্ট বিডি এর মাধ্যমে শিক্ষার্থীর আবেদন কপিতে প্রাপ্ত রোল নম্বর ব্যবহার করে নিম্নে উল্লিখিত ফি প্রদান এবং নির্ধারিত তথ্য ছক পূরণ শেষে (ফি জমা দেয়ার কনফারমেশন) প্রিন্ট কপি সংগ্রহ করে কলেজে জমা দিতে হবে।

খ) আবেদনপত্রের উভয় কপির বিপরীত পৃষ্ঠায় নিম্নোক্ত ছক অনুযায়ী তিনটি নৈর্বাচনিক বিষয়ের নাম উল্লেখ করতে হবে।

## স্নাতক (পাস) কোর্সের আবশ্যিক ও নৈর্বাচনিক বিষয়সমূহ :

কোর্সের নাম	আবশ্যিক বিষয় সমূহ	নৈর্বাচনিক বিষয় সমূহ	মন্তব্য
বি.এ	বাংলা, ইংরেজি, বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস	ক গুচ্ছ : ইতিহাস/ইসলামের ইতিহাস খ গুচ্ছ : দর্শন গ গুচ্ছ : অর্থনীতি/রাষ্ট্রবিজ্ঞান	যেকোন তিনটি গুচ্ছ থেকে একটি করে মোট তিনটি বিষয় নির্বাচন করতে হবে। কোন এক গুচ্ছ থেকে একাধিক বিষয় নেয়া যাবে না।
বি.এস.এস	বাংলা, ইংরেজি, বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস	ক গুচ্ছ : অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান খ গুচ্ছ : ইতিহাস/ইসলামের ইতিহাস/দর্শন	ক গুচ্ছ থেকে দুইটি এবং খ গুচ্ছ থেকে যেকোন একটি বিষয় মোট তিনটি বিষয় নির্বাচন করতে হবে।
বি.এসসি	বাংলা, ইংরেজি, বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস	ক গুচ্ছ : পদার্থবিজ্ঞান, গণিত খ গুচ্ছ : রসায়ন/উদ্ভিদবিজ্ঞান/প্রাণিবিদ্যা গ গুচ্ছ : উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা ঘ গুচ্ছ : রসায়ন/গণিত/পদার্থবিদ্যা	ক গুচ্ছ থেকে দুইটিসহ খ গুচ্ছ থেকে একটি অথবা গ গুচ্ছ থেকে দুইটিসহ ঘ গুচ্ছ থেকে একটি করে মোট তিনটি বিষয় নির্বাচন করতে হবে।
বি.বি.এস	বাংলা, ইংরেজি, বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস	ক গুচ্ছ : ব্যবস্থাপনা, হিসাববিজ্ঞান খ গুচ্ছ : অর্থনীতি	ক গুচ্ছ থেকে দুইটি এবং খ গুচ্ছের একটিসহ উল্লিখিত তিনটি বিষয় নির্বাচন করতে হবে।

## কাগজপত্র সমূহ নিম্নরূপ :-


- ১) জাতীয় বিশ্ববিদ্যালয়ের আবেদনপত্র দুই কপি (১টি কলেজ কপি ও ১টি শিক্ষার্থী কপি) এবং কলেজ ওয়েবসাইট হতে প্রাপ্ত পূরণকৃত ভর্তির আবেদন ফরম ১ কপি।
- ২) প্রাথমিক আবেদনের স্টুডেন্ট কপির ফটোকপি, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার নম্বরপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি।
- ৩) পাসপোর্ট সাইজের ছবি ২ কপি ও স্ট্যাম্প সাইজের ২ কপি ছবি।
- ৪) ১২×৯ ইঞ্চি সাইজের সাদা খাম (খামের উপরে রোল, বিভাগ, নাম, ঠিকানা ও মোবাইল নম্বর লিখতে হবে)।


নির্ধারিত ফি : বিএ/বিএসএস/বিবিএস (পাস) : ৩৩০১/-

নির্ধারিত ফি : বি.এসসি (পাস) : ৩৪০১/-

পেমেন্ট সংক্রান্ত যেকোন ধরনের সমস্যা সমাধানে হটলাইল নম্বর- ০৯৬১১৯০০২৭৫

কোন শিক্ষার্থী/এজেন্ট কর্তৃক নির্ধারিত ফি প্রদানে কোন প্রকার গড়মিল হলে কলেজ কর্তৃপক্ষ দায়ি থাকবে না।

  
(প্রফেসর মো: মনজুর আলমগীর)  
অধ্যক্ষ  
মৌলভীবাজার সরকারি কলেজ  
মৌলভীবাজার।

  
মো: আব্দুল মালিক  
সহকারী অধ্যাপক, ইংরেজী বিভাগ  
ও  
আহবায়ক

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের স্নাতক (পাস) ১ম বর্ষ ভর্তি কমিটি